# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ খাওয়ার পরে দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

খাওয়ার পরে দুআ

১। খাওয়ার শেষে নিম্নের দুআ পঠনীয়;

اللَّهُمَّ بَارِكْ لَنَا فِيهِ ، وَأَطْعِمْنَا خَيْرًا مِنْهُ

উচ্চারণঃ- আল্লা-হুম্মা বারিক লানা ফীহি অআত্বইমনা খাইরাম মিনহ।

অর্থঃ-হে আল্লাহ! আমাদের জন্য এতে বর্কত দাও এবং এর চেয়ে উত্তম আহার দান কর।

খাবার দুধ হলে বলবে, (اللَّهُمَّ بَارِكْ لَنَا فِيهِ وَزِدْنَا مِنْهُ) উচ্চারণঃ-আল্লা-হুম্মা বা-রিক-লানাফীহি অযিদনা মিনহ।

অর্থঃ হে আল্লাহ! আমাদের জন্য এতে বর্কত দান কর এবং আমাদেরকে এর প্রাচুর্য দাও। (সহীহ তিরমিযী ৩/১৫৮) প্রকাশ থাকে যে, এই দুআ অনেকে খাবার আগে পড়তে হয় বলে মত প্রকাশ করেছেন। (হিসনুল মুসলিম দ্রঃ)

২।

الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَطْعَمَنِي هَذَا وَرَزَقَنِيهِ مِنْ غَيْرِ حَوْلٍ مِنِّي وَلَا قُوَّةٍ

উচ্চারণঃ- আলহামদু লিল্লা-হিল্লাযী আত্‌আমানী হা-যা অরাযাক্বানীহি মিন গাইরি হাওলিম মিন্নী অলা কুউওয়াহ।

অর্থঃ সেই আল্লাহর যাবতীয় প্রশংসা যিনি আমাকে এ খাওয়ালেন এবং জীবিকা দান করলেন, আমার কোন চেষ্টা ও সামর্থ্য ছাড়াই। এই দুআটি পাঠ করলে পূর্বেকার গোনাহ মাফ হয়ে যায়। (সহীহ তিরমিযী ৩ ১৫৯)

৩।

اللّهمَّ أطعَمتَ وأسقَيتَ وأغنَيتَ وأقنَيتَ وَهَديتَ ، وأحييتَ ، فلَكَ الحمدُ علَى ما أعطيتَ

উচ্চারণঃ আল্লা-হুম্মা আত্‌আমতা অআসক্বাইতা অআগনাইতা অআক্‌নাইতা অহাদাইতা অআহয়্যাইত। ফালাকাল হামদু আলা মা আ’ত্বাইত।

অর্থঃ হে আল্লাহ! তুমি খাওয়ালে, পান করালে, অভাবমুক্ত করলে, তৃপ্ত করলে, হিদায়াত করলে এবং জীবিত করলে। সুতরাং তুমি যা কিছু দান করেছ, তার উপর তোমারই সমুদয় প্রশংসা।

৪।

الْحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا طَيِّبًا مُبَارَكًا فِيهِ غَيْرَ مَكْفِيٍّ وَلا مُوَدَّعٍ وَلا مُسْتَغْنًى عَنْهُ رَبَّنَا

উচ্চারণঃ আলহামদু লিল্লা-হি হামদান কাসীরান ত্বাইয়্যিবাম মুবা-রাকান ফীহি গায়রা মাকফিইয়্যিন অলা মুওয়াদ্দাইন অলা মুস্তাগনান আনহু রাব্বানা।

অর্থঃ আল্লাহর জন্য অগণিত পবিত্র ও বর্কতপূর্ণ প্রশংসা। অকুণ্ঠ, নিরবচ্ছিন্ন, প্রয়োজন-সাপেক্ষ প্রশংসা। হে আমাদের প্রভু! (বুঃ ৬/২১৪, তিঃ ৫/৫০৭)।

‘সাক্বানা অজাআলানা মুসলিমীন’ এর হাদীসটি যয়ীফ। (যঃ তিরমিযীঃ ৪৮ পৃঃ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11770

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন